

মিউচুয়াল ফান্ড তহবিল ব্যবস্থাপনা গাইডলাইন ২০২১



আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড

Signature

Signature

মিউচুয়াল ফান্ড তহবিল ব্যবস্থাপনা গাইডলাইন ২০২১


পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গৃহীত ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (সিএমডিপি) বাস্তবায়নে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এর মধ্যে সম্পাদিত চুক্তির অধীনে পুঁজিবাজারে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনাকারী একমাত্র সরকারি আর্থিক প্রতিষ্ঠান ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-কে পুনর্গঠনের অংশ হিসেবে মিউচুয়াল ফান্ড গঠন ও ব্যবস্থাপনার উদ্দেশ্যে ২০০১ সালে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ (আইএএমসিএল) গঠিত হয়। আইএএমসিএল সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর অধীনে দেশের ক্ষুদ্র বিনিয়োগকারীদের সংগ্রহ করে বর্তমানে ১৫ (পনের) টি বে-মেয়াদি এবং ০৯ (নয়) টি মেয়াদি মিউচুয়াল ফান্ড গঠনপূর্বক পরিচালনা করছে। এ সকল মিউচুয়াল ফান্ডে বিনিয়োগকারীদের বিনিয়োগের বিপরীতে সন্তোষজনক লভ্যাংশ বিতরণ এবং নীট সম্পদ মূল্যের প্রবৃদ্ধি অর্জনের সক্ষমতা বহুলাংশে প্রচলিত বিধি-বিধান ও মানদণ্ডের ভিত্তিতে দক্ষ তহবিল ব্যবস্থাপনার উপর নির্ভর করে। সে লক্ষ্যে এই তহবিল ব্যবস্থাপনা গাইডলাইন প্রণয়ন করা হলো।

১. সংক্ষিপ্ত শিরোনামঃ এ গাইডলাইন মিউচুয়াল ফান্ড তহবিল ব্যবস্থাপনা গাইডলাইন ২০২১ নামে অভিহিত হবে।

২. সংজ্ঞাঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে, এ গাইডলাইনে-

- ২.১. ‘মিউচুয়াল ফান্ড’ বলতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর ২(ত) অনুচ্ছেদে এ উল্লিখিত ফান্ড কে বোঝাবে;
- ২.২. ‘ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (সিএমডিপি)’ হল পুঁজিবাজারকে শক্তিশালী করার লক্ষ্যে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক(এডিবি) এর আর্থিক সহায়তায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত সংস্কার পরিকল্পনা;
- ২.৩. ‘নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (Regulatory Authority)’ বলতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে বোঝাবে। তবে, প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক, স্টক এক্সচেঞ্জ, সিডিবিএলসহ অন্যান্য কর্তৃপক্ষকেও বোঝাবে;
- ২.৪. ‘ব্যাংক’ বলতে ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর অধীনে বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্সপ্রাপ্ত/সংবিধিবদ্ধ ব্যাংককে বোঝাবে;
- ২.৫. ‘আর্থিক প্রতিষ্ঠান’ বলতে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর অধীনে বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্সপ্রাপ্ত/সংবিধিবদ্ধ আর্থিক প্রতিষ্ঠানকে বোঝাবে;
- ২.৬. ‘পুঁজিবাজার’ বলতে মূলধন সংগ্রহের দীর্ঘ মেয়াদি সিকিউরিটিজ বাজারকে বোঝাবে;
- ২.৭. ‘অর্থবাজার’ বলতে মূলধন সংগ্রহের স্বল্প মেয়াদি সিকিউরিটিজ বাজারকে বোঝাবে;
- ২.৮. ‘মেয়াদি মিউচুয়াল ফান্ড’ বলতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর ২(দ) অনুচ্ছেদে উল্লিখিত ফ্রিমকে বোঝাবে;
- ২.৯. ‘বে-মেয়াদি মিউচুয়াল ফান্ড’ বলতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর ২(গ) অনুচ্ছেদে উল্লিখিত ফ্রিমকে বোঝাবে;
- ২.১০. ‘উদ্যোক্তা (Sponsor)’ বলতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর ২(চ) অনুচ্ছেদে উল্লিখিত সত্তা (Entity)-কে বোঝাবে;
- ২.১১. ‘বিএসইসি’ বলতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে বোঝাবে;
- ২.১২. ‘পাবলিক ইস্যু’ বলতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) বিধিমালা, ২০১৫ এর ২ (ম) অনুচ্ছেদে উল্লিখিত প্রক্রিয়ায় মূলধন সংগ্রহকে বোঝাবে;
- ২.১৩. ‘ক্রমপুঞ্জীভূত বিনিয়োগ পরিকল্পনা (Cumulative Investment Plan)’ বলতে ঘোষিত নগদ লভ্যাংশের পরিবর্তে নির্ধারিত হাসকৃত মূল্যে ইউনিট ক্রয়ের মাধ্যমে পুনঃবিনিয়োগকে বোঝাবে;

- ২.১৪. 'মোট সম্পদ' বলতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর অনুচ্ছেদ ৬০(ক) এ উল্লিখিত প্রক্রিয়ায় হিসাবায়নকৃত সম্পদের পরিমাণকে বোঝাবে;
- ২.১৫. 'নেট সম্পদ মূল্য' বলতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর অনুচ্ছেদ ৬০ এ উল্লিখিত প্রক্রিয়ায় হিসাবায়নকৃত সম্পদের পরিমাণকে বোঝাবে;
- ২.১৬. 'ইউনিট' বলতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর ২(ঘ) এ উল্লিখিত অর্থ বোঝাবে;
- ২.১৭. 'প্রসপেক্টাস' বলতে Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 এর 2(L) অনুচ্ছেদে উল্লিখিত দলিলাদিকে বোঝাবে;
- ২.১৮. 'Investment Policy & Guideline of Mutual Funds' বলতে আইএএমসিএল এর পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত 'Investment Policy & Guideline of Mutual Funds Managed by ICB Asset Management Company Ltd. (IAMCL) (১২ আগস্ট ২০২০ তারিখ পর্যন্ত সংশোধিত)' শীর্ষক গাইডলাইনকে বোঝাবে;
- ২.১৯. 'ইনভেস্টমেন্ট কমিটি' বলতে পুঁজিবাজারে বিনিয়োগের জন্য আইএএমসিএল এর পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত এবং প্রশাসনিক পরিপত্রের মাধ্যমে গঠিত ইনভেস্টমেন্ট কমিটিকে বোঝাবে;
- ২.২০. 'তহবিল ব্যবস্থাপনা কমিটি' বলতে অর্থবাজারে বিনিয়োগের জন্য আইএএমসিএল এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটিকে বোঝাবে;
- ২.২১. 'সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় কমিটি' বলতে প্রাত্যহিক সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটিকে বোঝাবে;
- ২.২২. 'বাজার ঝুঁকি' বলতে সিকিউরিটিজ বাজারের সিকিউরিটিজ (ইকুইটি এবং ডেট সিকিউরিটিজ) এর বাজার মূল্য হ্রাসে সৃষ্ট ক্ষতির সম্ভাবনাকে বোঝাবে;
- ২.২৩. 'ইকুইটি মূল্য ঝুঁকি' বলতে সিকিউরিটিজ বাজারের ইকুইটি সিকিউরিটিজ এর বাজার মূল্যের পরিবর্তনের কারণে সৃষ্ট ক্ষতির সম্ভাবনাকে বোঝাবে;
- ২.২৪. 'কেন্দ্রিভন ঝুঁকি' বলতে একক প্রতিষ্ঠান বা সীমিত কয়েকটি প্রতিষ্ঠানে মোট বিনিয়োগের বৃহৎ অংশ বিনিয়োগের কারণে সৃষ্ট কাউন্টারপার্টি রিস্ককে বোঝাবে;
- ২.২৫. 'তারল্য ব্যবস্থাপনা' বলতে ফান্ডের নগদ তহবিল এমনভাবে বিনিয়োগ করাকে বোঝাবে যেখানে পাওনাদারের প্রতিশ্রুত পাওনা পরিশোধের জন্য বাজার মূল্যের চেয়ে হাসকৃত মূল্যে সম্পদ বিক্রি করা প্রয়োজন হবে না;
- ২.২৬. 'ঝুঁকি সমন্বিত রিটার্ন' বলতে প্রত্যাশিত আয়ের সাথে গৃহীত ঝুঁকির মাত্রাকে বোঝাবে;
- ২.২৭. 'কাউন্টার পার্টি রিস্ক' বলতে দেনাদারের দেনা পরিশোধের ব্যর্থতার কারণে সৃষ্ট ক্ষতির সম্ভাবনাকে বোঝাবে;
- ২.২৮. 'এক্সটার্নাল রিস্ক রেটিং (External Risk Rating)' বলতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বীকৃত অথবা বিএসইসির নিবন্ধন প্রাপ্ত রেটিং এজেন্সি/কোম্পানি কর্তৃক প্রদত্ত রেটিং মানকে বোঝাবে;
- ২.২৯. 'মূলধন পর্যাপ্ততার সূচক' হলো নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ঝুঁকি ভিত্তিক সম্পদের বিপরীতে সংরক্ষিতব্য মূলধনের নির্ধারিত পরিমাণের শতাংশিক প্রকাশ;
- ২.৩০. 'রাষ্ট্রীয় গ্যারান্টি (Sovereign Guarantee)' বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগের নগদ ও প্রচ্ছন্ন দায় ব্যবস্থাপনা শাখা কর্তৃক ৩১ জুলাই ২০১৪ তারিখে জারিকৃত 'রাষ্ট্রীয় গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টি (Sovereign Guarantee/Counter Guarantee) প্রদান এবং এর সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে প্রণীত গাইডলাইন' এর ২(ঙ) অনুচ্ছেদে উল্লিখিত গ্যারান্টিকে বোঝাবে;
- ২.৩১. 'মোট বিনিয়োগ' বলতে সকল ফান্ডের মেয়াদি আমানত স্কিম এবং অন্যান্য অর্থবাজার সিকিউরিটিজে বিনিয়োগকৃত এবং বিনিয়োগযোগ্য মোট তহবিলকে বোঝাবে;

- ২.৩২. 'বিনিয়োগের সময়সীমা (Time Bucket)' বলতে বিনিয়োগের ক্ষেত্রে ম্যাচ্যুইরিটির নির্দিষ্ট সময়সীমা নির্ধারণকে বোঝাবে;
- ২.৩৩. 'ম্যাচ্যুইরিটি সময়সীমা (Maturity Bucket)' বলতে তারল্য ব্যবস্থাপনার জন্য বিনিয়োগের ম্যাচ্যুইরিটির সময়সীমা ভিত্তিক বিন্যাসকে বোঝাবে;

৩. মিউচুয়াল ফান্ডের তহবিলের উৎস ও ব্যবহার

মিউচুয়াল ফান্ডের তহবিলের উৎস এবং তহবিল ব্যবহারের ক্ষেত্র নির্ধারণের জন্য রয়েছে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সুনির্দিষ্ট নির্দেশনা। বিএসইসি কর্তৃক জারিকৃত সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এবং অন্যান্য সিকিউরিটিজ আইন ও বিধিমালার আলোকে মিউচুয়াল ফান্ডসমূহের তহবিলের উৎস ও ব্যবহারের ক্ষেত্রসমূহ নিম্নরূপঃ

৩.১. তহবিলের উৎস

- ৩.১.১. উদ্যোক্তা কর্তৃক প্রদত্ত চাঁদা;
- ৩.১.২. মেয়াদি মিউচুয়াল ফান্ডে পাবলিক ইস্যু'র মাধ্যমে তহবিল সংগ্রহের ক্ষেত্রে বিনিয়োগকারী কর্তৃক প্রদত্ত চাঁদা;
- ৩.১.৩. বে-মেয়াদি মিউচুয়াল ফান্ডের ক্ষেত্রে বিনিয়োগকারীদের নিকট ইউনিট বিক্রয় হতে লব্ধ তহবিল;
- ৩.১.৪. ফান্ডের সকল সংরক্ষিত তহবিল;
- ৩.১.৫. ফান্ডের সম্ভাব্য ক্ষতির বিপরীতে রক্ষিত সংস্থান/প্রভিশন;
- ৩.১.৬. লভ্যাংশ বিতরণ পরবর্তী সঞ্চিত মুনাফা;
- ৩.১.৭. ক্রমপুঞ্জীভূত বিনিয়োগ পরিকল্পনা'র মাধ্যমে বিনিয়োগ হতে প্রাপ্ত তহবিল।

৩.২. তহবিল ব্যবহার

- ৩.২.১. পুঁজিবাজারের নগদায়নযোগ্য/হস্তান্তরযোগ্য সিকিউরিটিজ এ বিনিয়োগ;
- ৩.২.২. অর্থবাজারের নগদায়নযোগ্য/হস্তান্তরযোগ্য সিকিউরিটিজ এ বিনিয়োগ;

৪. মেয়াদি ও বে-মেয়াদি মিউচুয়াল ফান্ডের তহবিল ব্যবস্থাপনা

মেয়াদি মিউচুয়াল ফান্ডের আকার পূর্ব নির্ধারিত ও অপরিবর্তনীয় হওয়ায় বিএসইসি-এর নির্দেশনা অনুযায়ী ফান্ডের আকার বৃদ্ধি বা হ্রাসের সুযোগ নেই। সুতরাং প্রয়োজনীয় পরিচালন ব্যয় নির্বাহপূর্বক ফান্ডের নীট সম্পদ মূল্যের প্রবৃদ্ধি বজায় রেখে বিনিয়োগকারীগণের সন্তোষজনক লভ্যাংশ প্রদান নিশ্চিত করাই মেয়াদি মিউচুয়াল ফান্ডের তহবিল ব্যবস্থাপনার মূল লক্ষ্য। এক্ষেত্রে ফান্ডের তহবিল পুঁজিবাজার ও অর্থবাজারের বিভিন্ন সিকিউরিটিজে যথাযথভাবে বিনিয়োগই মূখ্য। অপরদিকে, বে-মেয়াদি মিউচুয়াল ফান্ডের আকার পরিবর্তনশীল বিধায় ইউনিট বিক্রয় ও পুনঃক্রয়ের মাধ্যমে ফান্ডের তহবিল হ্রাস বা বৃদ্ধি প্রাপ্ত হয়। বে-মেয়াদি মিউচুয়াল ফান্ডের ক্ষেত্রে তহবিল ব্যবস্থাপনার মূল লক্ষ্য হলো প্রয়োজনীয় পরিচালন ব্যয় নির্বাহপূর্বক ফান্ডের নীট সম্পদ মূল্যের প্রবৃদ্ধি বজায় রেখে বিনিয়োগকারীদের সন্তোষজনক লভ্যাংশ প্রদানের পাশাপাশি নিয়মিত ইউনিট বিক্রয়ের মাধ্যমে ফান্ডের তহবিলে অন্তঃপ্রবাহ বজায় রাখা। এক্ষেত্রে ফান্ডের তহবিল পুঁজিবাজার ও অর্থবাজারের বিভিন্ন সিকিউরিটিজে যথাযথভাবে বিনিয়োগ করা ছাড়াও ইউনিট বিক্রয়কে গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে।

৪.১. ইউনিট বিক্রয়

- ৪.১.১. সকল বে-মেয়াদি মিউচুয়াল ফান্ডের ক্ষেত্রে ইউনিট বিক্রয়ের বছরব্যাপী লক্ষ্যমাত্রা নির্ধারণ করে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ একটি কৌশল নির্ধারণ করবে এবং লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সর্বাঙ্গিক কর্মপরিকল্পনা গ্রহণ করবে;
- ৪.১.২. বে-মেয়াদি মিউচুয়াল ফান্ড গঠন পরবর্তী তহবিল প্রবাহ অক্ষুন্ন রাখার লক্ষ্যে, সম্ভাব্য পুনঃক্রয়ের প্রভাব বিবেচনায় ঝুঁকি পরিহারে একক ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট অধিক সংখ্যক ইউনিট বিক্রয়ের পরিবর্তে বহু সংখ্যক ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট ইউনিট বিক্রয়ের প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

৪.২. পুঁজিবাজারে সিকিউরিটিজ এ বিনিয়োগ

- ৪.২.১. পুঁজিবাজারে বিনিয়োগের ক্ষেত্রে বিএসইসি কর্তৃক জারিকৃত সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১, ফান্ডের অনুমোদিত প্রসপেক্টাস ও ট্রাস্ট দলিল এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য আইন, বিধিমালা ও নির্দেশনায় নির্দেশিত অনুপাতে ইকুইটি ও ডেট সিকিউরিটিজে বিনিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪.২.২. পুঁজিবাজারে বিনিয়োগের ক্ষেত্রে আইএএমসিএল এর পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত Investment Policy & Guideline of Mutual Funds এ বর্ণিত নীতি, পদ্ধতি ও প্রক্রিয়া অনুসরণপূর্বক বিনিয়োগ করতে হবে;
- ৪.২.৩. পুঁজিবাজারে বিনিয়োগ, আইএএমসিএল এর ইনভেস্টমেন্ট কমিটি এর সুপারিশের ভিত্তিতে প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হতে হবে;
- ৪.২.৪. সিকিউরিটিজ এনালিসিস ডিপার্টমেন্ট পোর্টফলিও'র বাজার ঝুঁকি/ইকুইটি মূল্য ঝুঁকি ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় গবেষণা কার্যক্রম পরিচালনা করবে;
- ৪.২.৫. অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট দৈনিক ভিত্তিতে ফান্ড ভিত্তিক পুঁজিবাজারে বিনিয়োগযোগ্য তহবিলের পরিমাণ সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় কমিটিকে প্রদান করবে।

৪.৩. অর্থবাজারে সিকিউরিটিজ এ বিনিয়োগ

- ৪.৩.১. অর্থবাজারে (মেয়াদি আমানত স্কিম ও অন্যান্য সিকিউরিটিজ) বিনিয়োগের ক্ষেত্রে বিএসইসি কর্তৃক জারিকৃত সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১, ফান্ডের অনুমোদিত প্রসপেক্টাস ও ট্রাস্ট দলিল এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য আইন, বিধিমালা ও নির্দেশনায় নির্দেশিত অনুপাতে অর্থবাজার সিকিউরিটিজে বিনিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪.৩.২. পুঁজিবাজারে বিনিয়োগ দীর্ঘ-মেয়াদি হওয়ায় অর্থবাজারে বিনিয়োগের পরিমাণ ফান্ডের তারল্য ব্যবস্থাপনা, সম্ভাব্য ইউনিট পুনঃক্রয়ের পরিমাণ, অর্থবাজার ও পুঁজিবাজারের তুলনামূলক ঝুঁকি সমন্বিত রিটার্ন দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- ৪.৩.৩. মেয়াদি আমানত স্কিমে বিনিয়োগের ক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান (শরিয়া ভিত্তিক এবং বিদেশি ব্যাংক ব্যতীত) এর আমানতের ষাণ্মাসিক গড় সুদের হার এবং রেটিং মান বিবেচনায় নিতে হবে;
- ৪.৩.৪. অর্থ বাজারের অন্যান্য সিকিউরিটিজে বিনিয়োগের ক্ষেত্রে প্রাপ্ত রিটার্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান (শরিয়া ভিত্তিক এবং বিদেশি ব্যাংক ব্যতীত) এর আমানতের ষাণ্মাসিক গড় সুদের হারের চেয়ে বেশি হতে হবে। তবে তারল্য ব্যবস্থাপনার উদ্দেশ্য সাধনকল্পে রাষ্ট্রীয় গ্যারান্টি প্রাপ্ত অথবা সরকার কর্তৃক ইস্যুকৃত কোন সিকিউরিটিজে (যেমন: ট্রেজারি বিল) আমানতের ষাণ্মাসিক গড় সুদের হারের চেয়ে কম রিটার্নে বিনিয়োগ করা যেতে পারে;
- ৪.৩.৫. কাউন্টার পার্টি রিস্ক পরিমাপের হাতিয়ার হিসেবে এক্সটার্নাল রিস্ক রেটিং-কে গ্রহণ করতে হবে। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বীকৃত অথবা বিএসইসি কর্তৃক নিবন্ধিত ক্রেডিট রেটিং এজেন্সি/কোম্পানি কর্তৃক প্রদত্ত রেটিং মানের ক্ষেত্রে দীর্ঘ মেয়াদে A,A+,A-,A1,A2,A3 বা এর সমতুল্য এবং স্বল্প মেয়াদে F1,P2,ST-2,N2,ECRL-2,AR-2,P-2 বা এর সমতুল্য মানের নিচে রেটিং গ্রেড প্রাপ্ত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের মেয়াদি আমানত স্কিম বা অন্যান্য অর্থবাজার সিকিউরিটিজে বিনিয়োগ করা যাবে না। তবে রেটিং মানের কার্যকারিতার সময়সীমার মধ্যে অর্থবাজার এবং সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কার্যফল বিবেচনায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে (যেমন-কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের মূলধন পর্যাप्तতার সূচক তাৎপর্যপূর্ণভাবে হ্রাস পাওয়া অথবা শ্রেণিকৃত ঋণের হার তাৎপর্যপূর্ণভাবে বৃদ্ধি পাওয়া)। সরকার কর্তৃক ইস্যুকৃত অথবা রাষ্ট্রীয় গ্যারান্টি প্রাপ্ত কোন অর্থবাজার সিকিউরিটিজে বিনিয়োগের ক্ষেত্রে এক্সটার্নাল রিস্ক রেটিং (ক্রেডিট রেটিং প্রযোজ্য না হওয়ার প্রেক্ষিতে) ব্যতীত বিনিয়োগ করা যেতে পারে;
- ৪.৩.৬. মেয়াদি আমানত স্কিমসহ অন্যান্য অর্থবাজার সিকিউরিটিজে বিনিয়োগের ক্ষেত্রে কেন্দ্রিভবন ঝুঁকি বিবেচনায় নিতে হবে;

৪.৩.৭. মেয়াদি আমানত স্কিম বা অন্যান্য অর্থবাজার সিকিউরিটিজে বিনিয়োগের ক্ষেত্রে মোট বিনিয়োগের ১০% এর বেশি একক ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা অন্য কোন অর্থবাজার সিকিউরিটিজে বিনিয়োগ করা যাবে না। এছাড়া, একটি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের মেয়াদি আমানত স্কিম বা অন্যান্য অর্থবাজার সিকিউরিটিজে একক ফান্ডের বিনিয়োগের পরিমাণ সংশ্লিষ্ট ফান্ডের বিনিয়োগের নিম্নোক্ত হারে নির্ধারিত হবে:

ক্রমিক নং	একক ফান্ডের বিনিয়োগের পরিমাণ (টাকায়)	একক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/ অন্যান্য অর্থবাজার সিকিউরিটিজে বিনিয়োগের সর্বোচ্চ হার (শতাংশে)
১	৫,০০,০০,০০১-১০,০০,০০,০০০	৫০
২	১০,০০,০০,০০১-২০,০০,০০,০০০	৪৫
৩	২০,০০,০০,০০১-৩০,০০,০০,০০০	৪০
৪	৩০,০০,০০,০০১-৫০,০০,০০,০০০	৩৫
৫	৫০,০০,০০,০০১-৭৫,০০,০০,০০০	৩০
৬	৭৫,০০,০০,০০১-১০০,০০,০০,০০০	২৫
৭	১০০,০০,০০,০০১-তদূর্ধ্ব	১৫

৪.৩.৮. একক ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা অন্য কোন অর্থবাজার সিকিউরিটিজে বিনিয়োগের ক্ষেত্রে মোট বিনিয়োগের ১০% এবং অনুচ্ছেদ ৪.৩.৭. এ উল্লিখিত একক ফান্ড হতে বিনিয়োগের পরিমাণের সর্বোচ্চ সীমার মধ্যে যেটি কম সেটি সংশ্লিষ্ট ফান্ডের ক্ষেত্রে একক ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা অন্য কোন অর্থবাজার সিকিউরিটিজে বিনিয়োগের সর্বোচ্চ সীমা হিসেবে নির্ধারিত হবে।

৪.৩.৯. ফান্ডের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দীর্ঘ মেয়াদি সিকিউরিটিজ বাজারের তারল্য পরিস্থিতি ও উত্থান-পতনের ধরণ বিবেচনায় বিনিয়োগের সময়সীমা ভিত্তিক মেয়াদি আমানত এবং অন্যান্য অর্থবাজার সিকিউরিটিজ ব্যবস্থাপনার মাধ্যমে লভ্যাংশ প্রদান এবং ইউনিট পুনঃক্রয়ের অর্থ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে নিম্নবর্ণিত সময়সীমা অনুযায়ী মেয়াদি আমানত স্কিম এবং অন্যান্য অর্থবাজার সিকিউরিটিজে বিনিয়োগ করা যেতে পারে:

ক্রমিক নং	ফান্ড	মেয়াদি আমানত স্কিম এবং অন্যান্য অর্থবাজার সিকিউরিটিজে বিনিয়োগের সময়সীমা		
		০-৩ মাস	৩-৬ মাস	৬-১২ মাস
১	যে কোন ফান্ডের ক্ষেত্রে	মোট বিনিয়োগের সর্বনিম্ন ৬০%	মোট বিনিয়োগের সর্বোচ্চ ২০%	মোট বিনিয়োগের সর্বোচ্চ ২০%

উল্লেখ্য যে, ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট যথার্থ বিবেচনায় বিশেষ ক্ষেত্রে ৩ মাসের কম সময়ের জন্য মেয়াদি আমানত স্কিম এবং অন্যান্য অর্থবাজার সিকিউরিটিজে বিনিয়োগ করা যেতে পারে;

৪.৩.১০. মেয়াদি আমানত স্কিম এবং অন্যান্য অর্থবাজার সিকিউরিটিজে বিনিয়োগ প্রস্তাব তহবিল ব্যবস্থাপনা কমিটিতে উপস্থাপনের ক্ষেত্রে প্রস্তাবনায় সর্বশেষ রেটিং মানসহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের শাখা ভিত্তিক মোট বিনিয়োগের পরিমাণ ও শতাংশে বিনিয়োগের হারসহ প্রয়োজনীয় অন্যান্য তথ্য উল্লেখপূর্বক টেমপ্লেট সংযুক্ত করতে হবে;

৪.৩.১১. সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিটি ফান্ডের বিপরীতে অর্থবাজারে বিনিয়োগের ম্যাচ্যুইরিটি সময়সীমা প্রস্তুত করে তহবিল ব্যবস্থাপনা কমিটি-তে উপস্থাপন করতে হবে;

৪.৩.১২. 'তহবিল ব্যবস্থাপনা কমিটি'র বিনিয়োগ সুপারিশ প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক অনুমোদন পরবর্তীতে অর্থ বিনিয়োগ করতে হবে;

৪.৩.১৩. তহবিল ব্যবস্থাপনা (মেয়াদি আমানত বিনিয়োগসহ) সংক্রান্ত তথ্যাদি যথাযথ পদ্ধতিতে সংরক্ষণ করতে হবে।

৫. অন্যান্য বিষয়

মিউচুয়াল ফান্ড তহবিল ব্যবস্থাপনা গাইডলাইন ২০২১ এ উল্লিখিত নয় এরূপ বিষয়ে বা ফান্ডের সম্পদ বিন্যাস সংক্রান্ত যে কোন বিষয়ে 'ইনভেস্টমেন্ট কমিটি' এবং 'তহবিল ব্যবস্থাপনা কমিটি' সমন্বিতভাবে সুপারিশ প্রদান করবে। প্রযোজ্য ক্ষেত্রে এ গাইডলাইনের কোন অনুচ্ছেদ বাংলাদেশ সরকার, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, বাংলাদেশ ব্যাংক, স্টক এক্সচেঞ্জ, সিডিবিএলসহ অন্যান্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের জারীকৃত আইন, বিধি-বিধান, নির্দেশনার সাথে সাংঘর্ষিক হলে তাৎক্ষণিকভাবে তা সংশোধনীর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

